

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৩৮

১/ বিবিধ

আরবী

لا تضربوا إماءكم على كسر إنائكم، فإن لها آجالا كآجال الناس
كذب

رواه أبو نعيم في " الحلية " (10 / 26) : حدثنا أبو دلف عبد العزيز بن محمد بن أحمد بن عبد العزيز بن دلف العجلي: حدثنا يعقوب بن عبد الرحمن الدعاء: حدثنا جعفر بن عاصم: حدثنا أحمد بن أبي الحواري: حدثنا عباس بن الوليد قال: حدثني علي بن المدني عن حماد بن زيد عن مالك بن دينار عن الحسن عن كعب بن عجرة مرفوعا. قلت: وهذا سند واه جدا، وفيه علل أولا: أبو دلف هذا، أورده الخطيب في " تاريخ بغداد " (10 / 465) ولم يذكر فيه جرحا ولا تعديلا

ثانيا: يعقوب بن عبد الرحمن الدعاء وهو أبو يوسف الجصاص، قال الخطيب (12 / 294) : " في حديثه وهم كثير، قال أبو محمد بن غلام الزهري: ليس بالمرضي، مات سنة (331)

ثالثا: جعفر بن عاصم لم أجد له ترجمة

رابعا: عننة الحسن وهو البصري، فقد كان يدلس

قلت: وبقية رجال الإسناد ثقات معروفون مترجم لهم في " التهذيب " وعباس بن الوليد هو ابن مزيد أبو الفضل البيروني مات سنة (270) ، وقد روى عنه جماعة، وكتب عنه أحمد بن أبي الحواري وهو أكبر منه، توفي سنة (246) فهو من رواية الأكابر عن

الصاغر. هذا ما تبين لي فيه وأما المناوي فقال في هذا الحديث: "أورده في "الميزان
 " في ترجمة العباس بن الوليد الشرقي، وقال: ذكره الخطيب في "الملخص" (1)
 فقال: روى عن ابن المديني حديثا منكرا، رواه عنه أحمد بن أبي الحواري من حديث
 كعب بن عجرة مرفوعا، ثم ساق هذا بعينه
 قلت: ولم أجد هذا الترجمة في "الميزان" للذهبي، ولا في "الضعفاء" له، ولا في
 لسان الميزان" للحافظ بن حجر، فالله أعلم من أين وقع ذلك للمناوي. والحديث
 أورده ابن أبي حاتم في "العلل" (2 / 295 - 296) بسنده عن ابن أبي الزرقاء عن
 ميمون بن مهران قال: فذكره موقوفا عليه وقال: "قال أبي هذه الحكاية كذب". قلت:
 وفيه وهب بن داود قال الخطيب: "لم يكن بثقة". وفيه أيضا من لم أعرفه

বাংলা

৯৩৮। পাত্র ভাংগার কারণে তোমরা তোমাদের দাসীদেরকে প্রহার করো না। কারণ লোকদের মৃত্যুর সময়ের ন্যায় তারও (পাত্রের) মৃত্যুর সময় রয়েছে।

হাদীছটি মিথ্যা।

এটি আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (১০/২৬) গ্রন্থে আবু দুলাফ আব্দুল আযীয ইবনু মুহাম্মাদ হতে তিনি ইয়াকুব ইবনু আবদির রহমান আদ-দা'আ হতে তিনি জাফার ইবনু আসেম হতে তিনি আহমাদ ইবনু আবিল হাওয়ালী হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। তাতে বহু সমস্যা রয়েছেঃ

১। এই আবু দুলাফকে আল-খাতীব "তারীখু বাগদাদ" (১০/৪৬৫) গ্রন্থে উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই উল্লেখ করেননি।

২। ইয়াকুব ইবনু আবদির রহমান আদ-দা'আ হচ্ছেন আবু ইউসুফ আল-জাসসাস। তার সম্পর্কে আল-খাতীব (১২/২৯৪) বলেনঃ তার হাদীছের মধ্যে বহু সন্দেহ রয়েছে। আবু মুহাম্মাদ ইবনু গুলাম আয-যুহরী বলেনঃ তার দ্বারা সন্তুষ্ট হওয়া যায় না। তিনি ৩৩১ সালে মৃত্যু বরণ করেন।

৩। জাফার ইবনু আসেমের জীবনী কে আলোচনা করেছেন পাচ্ছি না।

৪। হাদীছটি হাসান বাসরী কর্তৃক আন আন করে বর্ণনাকৃত। তিনি তাদলীস করতেন।

মানবী এ হাদীছটি সম্পর্কে বলেনঃ হাদীছটি হাফিয় যাহাবী “আল-মীযান” গ্রন্থে আল-আব্বাস ইবনুল ওয়ালীদ “আল-মুলাখখাস” গ্রন্থে (সম্ভবত সঠিক হচ্ছে “আত-তালখীস”) তাকে উল্লেখ করে বলেছেনঃ তিনি ইবনুল মাদীনী হতে মুনকার হাদীছ বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ যাহাবীর “আল-মীযান” গ্রন্থে, “আয-যোয়াফা” গ্রন্থে ও হাফিয় ইবনু হাজারের “লিসানুল মীযান” গ্রন্থে এর জীবনী পাচ্ছি না। জানি না মানবী কোথা হতে নকল করেছেন।

হাদীছটি ইবনু আবী হাতিম “আল-ইলাল” (২/২৯৫-২৯৬) গ্রন্থে তার সনদে মওকুফ হিসাবে বর্ণনা করে বলেছেনঃ আমার পিতা বলেনঃ এ ঘটনাটি মিথ্যা।

আমি (আলবানী) বলছিঃ তার সনদে ওয়াহাব ইবনু দাউদ রয়েছে। তার সম্পর্কে আল-খাতীব বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। তাতে এমন ব্যক্তিও রয়েছে যাকে চিনি না।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71817>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন